

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-১৮৭
বিষয়: ব্যাখ্যা তলব।

তারিখঃ ১৫/০৭/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাইক্রোফাইন্যান্স সফটওয়্যারে জুন ২০২৪ খ্রি. আপনার কার্যক্রম অগ্রগতি যাচাই করে দেখা যায়, আপনি ঋণ বিতরণ করেছেন ৩৯,৬৫,০০০/- টাকা এবং ঋণের কিস্তি আদায় করেছেন ২৪,৮০,৪১৮/- টাকা। আপনার বিতরণ এবং আদায়ের তথ্য যাচাই করে দেখা যায়, গত ২৭/০৬/২০২৪ খ্রি. আদায় করেছেন ১৬,৮২,৮৮৬/- টাকা এবং তার পরবর্তী কর্ম দিবসে বিতরণ করেছেন ২৫,০৫,৫০০/- টাকা।

০২। এছাড়া, আপনি যে সকল সমিতি থেকে কিস্তি আদায় করেছেন, সে সকল সমিতিতে ঋণ বিতরণ করেছেন। সমিতির সদস্য থেকে নিয়মিত কিস্তি আদায়ের পর বিতরণের নিয়ম থাকলেও আপনি তা প্রতিপালন করেননি। উল্লেখ্য, রাখানগর পশ্চিমপাড়া মহিলা সমিতি এবং রাখানগর বিশ্বাসপাড়া মহিলা সমিতিতে এককালীন পরিশোধের হার যথাক্রমে ৫৮% ও ৭৪%, যা ঋণ বিতরণ নীতিমালার পরিপন্থী। এমতাবস্থায়, প্রতিয়মান হয় আপনি দাপ্তরিক শৃঙ্খলা পরিপন্থী কাজে লিপ্ত রয়েছেন, আপনি দীর্ঘদিন যাবৎ পেপার ট্রানজাকশান করে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করে আসছেন। এতে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনাকে চুক্তি ভিত্তিক নিয়োগ হতে চূড়ান্ত ভাবে অপসারণ করা হবে না তার জবাব আগামী ২৫/০৭/২০২৪ খ্রি. মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


২৫/০৭/২৪.
এ, এস, এম সোলায়মান
উপপ্রকল্প পরিচালক,
ইরেসপো কর্মসূচি, বিআরডিবি, ঢাকা।

জনাব সবিতা রানী রায়,
মাঠ সংগঠক,
শ্রীপুর, মাগুরা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, মাগুরা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. পরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, শ্রীপুর, মাগুরা।
৭. অফিস/ব্যক্তিগত কপি।